



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/5/2019

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

ভাড়া সংস্কার সম্পর্কে গভর্নর অ্যাঙ্কু এম. কুওমোর বিবৃতি

"আমরা দ্রুত আইনসভার অধিবেশনের সমাপ্তির দিকে চলে আসছি এবং বেশ কয়েকটি উরুস্বপূর্ণ বিষয়ের অগ্রগতি অনিশ্চিত অবস্থায় রয়েছে। ব্যাপক আলোচনার এবং দরকষাকষির জন্য বিষয়ের স্পষ্টতা সবচেয়ে গুরুত্বপূর্ণ। ভাড়া সংস্কার সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলোর একটি। 10 দিনের মধ্যে এটার মেয়াদ শেষ হচ্ছে। আইনসভায় নয়টি ভাড়া সংস্কার বিল পেশ করা হয়েছে। সিনেট গতকাল বলেছে যে 9 টি ভাড়া সংস্কার বিল পাস করার জন্য ভোট অনুষ্ঠিত হবে। আমি সিনেটের প্রতি আজ বিলগুলো পাস করার আহ্বান জানাই। তারা বিলগুলো পাস করলে আমি তা স্বাক্ষর করতে প্রস্তুত। তারা আজ বিলগুলো পাস না করলে এর মানে হল, তারা তা পারবে না এবং নিউইয়র্কবাসীর সেগুলোর অবস্থা জানা উচিত, যাতে 15 জুন বিদ্যমান ভাড়া আইনের মেয়াদ শেষ হওয়ার আগে আমরা একটি নতুন আইন পাস করতে পারি।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)